গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড
তথ্য ভবন (লেভেল ১৩ ও ১৪), ১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি

জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২২ এর জন্য আবেদনপত্র আহবান

২০ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ।
নং-১৫.৫৯.০০০০.০০৫.২৩.০০১.২২-১১৮ তারিখ: ....................................
০৩ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২২ সালের প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক সংশ্লিষ্ট প্রযোজকদের কাছ থেকে নিম্নোক্ত শর্তাবলির আলোকে চলচ্চিত্র জমা দেয়াসহ আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

১। শর্তাবলি:

(ক) কেবল বাংলাদেশি নাগরিকগণ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবেন;
(খ) আজীবন সম্মাননা পুরস্কারের জন্য জীবিত ব্যক্তিদেরকে বিবেচনা করা হবে;
(গ) যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে। তবে যৌথ প্রযোজনা চলচ্চিত্রের বিদেশি শিল্পী এবং কলা-কুশলীগণ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;
(ঘ) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের বিবেচনাযোগ্য চলচ্চিত্রকে অবশ্যই বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের সেন্সর সনদপত্র প্রাপ্ত এবং বিবেচ্য বছরে প্রেক্ষাগৃহে মুক্তিপ্রাপ্ত হতে হবে। স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্রের ক্ষেত্রে প্রেক্ষাগৃহে মুক্তির কোনো বাধ্যবাধকতা থাকবে না, তবে তা ২০২২ সালে সেন্সর সনদপত্র প্রাপ্ত হতে হবে;
(ঙ) পুরস্কারযোগ্য প্রতিটি শাখায় গুণগত ও শৈল্পিক মানে শ্রেষ্ঠত্বের ভিত্তিতে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে;
(চ) দেশীয় প্রেক্ষাপট, পরিচালকের মৌলিকত্ব ও সৃজনশীলতার স্বাক্ষর বহনকারী চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;
(ছ) জুরি বোর্ডের বিবেচনার জন্য প্রতিটি নৃত্যের জন্য পৃথকভাবে নৃত্য পরিচালকের নাম উল্লেখ করতে হবে। একইভাবে প্রতিটি গানের (পুরস্কার পাওয়ার সম্ভাবনা রয়েছে এমন) জন্য পৃথকভাবে গায়ক, গায়িকা, গীতিকার, সুরকার ও সংগীত পরিচালক-এর নাম উল্লেখ করতে হবে;
(জ) কাহিনির ক্ষেত্রে দেশি বা বিদেশি লেখক/প্রকাশক এর অনুমতি (কপিরাইট) নিয়ে নির্মিত চলচ্চিত্র জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;
(ঝ) বিদেশি চলচ্চিত্রের কপিরাইট নিয়ে নির্মিত চলচ্চিত্র এবং রিমেক (Remake) চলচ্চিত্রের কাহিনী জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে না;
(ঞ) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য অংশগ্রহণকারী কোনো চলচ্চিত্রে সেন্সরবিহীন কোনো দৃশ্য সংযোজন এবং সেন্সরকৃত কোনো অংশ বিয়োজন করা হয়েছে বলে প্রমাণিত হলে চলচিচত্রটি পুরস্কারের জন্য বিবেচিত হবে না;
(ট) সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রধান প্রধান দৃশ্য/সংলাপ সংবলিত বিষয়বস্তুর ওপর ৫ মিনিটের (কম/বেশি) একটি ডিভিডি/পেনড্রাইভ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য জমাকৃত চলচ্চিত্রটির সাথে জমা দিতে হবে।
(ঠ) সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজক কর্তৃক যে সকল শিল্পী ও কলাকুশলী পুরস্কারের জন্য মনোনয়ন দেওয়া হবে তাদের নাম চলচ্চিত্রের টাইটেলে উল্লেখ থাকতে হবে।

২। পুরস্কারের ক্ষেত্রসমূহ:

| | | | |
|---|---|---|---|
| ০১ | আজীবন সম্মাননা | ০২ | শ্রেষ্ঠ চলচ্চিত্র |
| ০৩ | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | ০৪ | শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র |
| ০৫ | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | ০৬ | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে |
| ০৭ | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে | ০৮ | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে |
| ০৯ | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | ১০ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে |
| ১১ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | ১২ | শ্রেষ্ঠ শিশু শিল্পী |
| ১৩ | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | ১৪ | শ্রেষ্ঠ সঙ্গীত পরিচালক |
| ১৫ | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক | ১৬ | শ্রেষ্ঠ গায়ক |
| ১৭ | শ্রেষ্ঠ গায়িকা | ১৮ | শ্রেষ্ঠ গীতিকার |
| ১৯ | শ্রেষ্ঠ সুরকার | ২০ | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ২১ | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার | ২২ | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ২৩ | শ্রেষ্ঠ সম্পাদক | ২৪ | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ২৫ | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক | ২৬ | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ২৭ | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা | ২৮ | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

৩। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক প্রযোজকদেরকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে। আবেদনের ফরম/ছক বিনামূল্যে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনের ফরম সেন্সর বোর্ডের ওয়েবসাইট www.bfcb.gov.bd থেকে ডাউনলোড করেও ব্যবহার করা যাবে।
৪। প্রত্যেক আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট চলচ্চিত্রের যথাযথ মান সম্পন্ন ডিভিডি/পেনড্রাইভ জমা দিতে হবে। কোনো ডিভিডি/পেনড্রাইভ মানসম্মত না হলে তা বিবেচনা না করার ক্ষমতা জুরি বোর্ড সংরক্ষণ করে।
৫। পুরস্কারের জন্য প্রস্তাবিত শিল্পী/কলাকুশলী/ব্যক্তিদের ৪ কপি পাসপোর্ট সাইজ ছবি (প্রযোজক কর্তৃক সত্যায়িত), জীবন-বৃত্তান্ত (বাংলা), জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/পাসপোর্টের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)/শিশু শিল্পীদের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনের সাথে অবশ্যই জমা দিতে হবে। যাদের অনুকূলে জীবন-বৃত্তান্ত (বাংলা), জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দেয়া হবে না, তাদের আবেদন জুরি বোর্ড কর্তৃক বিবেচিত হবে না।
৬। জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২২ এর জন্য চলচ্চিত্রের আবেদনপত্র ১০-০৫-২০২৩ তারিখ বুধবার বিকাল ৪:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে।
৭। জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২২ সম্পর্কিত যে কোনো বিষয়ে সংশ্লিষ্ট জুরি বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অংশগ্রহণকারী প্রযোজকগণকে তাঁদের নিজ নিজ চলচ্চিত্রের ২টি উন্নতমানের ডিভিডি/পেনড্রাইভ এবং প্রধান প্রধান দৃশ্য/সংলাপ সংবলিত বিষয়বস্তুর ওপর ৫ মিনিটের (কম/বেশি) ১টি ডিভিডি/পেনড্রাইভ, নির্ধারিত ছকে প্রযোজক, পরিচালক এবং সংশ্লিষ্ট শিল্পী ও কলা-কুশলীদের নাম, প্রত্যেকের ৪ কপি পাসপোর্ট সাইজ ছবি (প্রযোজক কর্তৃক সত্যায়িত), ঠিকানা, টেলিফোন, মোবাইল নম্বর, ই-মেইলসহ জীবন-বৃত্তান্ত (বাংলায়), চলচ্চিত্রের কাহিনি সংক্ষেপ, শিল্পী ও কলাকুশলী তালিকা ও গানের কথা সংবলিত ১৫ (পনের) সেট ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড ও সদস্য-সচিব, জুরি বোর্ড, জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২২, তথ্য ভবন (১৪ তলা), ১১২ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

০৩/৪/২৩

(মুহ. সাইফুল্লাহ)
ভাইস চেয়ারম্যান
বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড ও
সদস্য-সচিব, জুরি বোর্ড, জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২২
ফোন: ৮৩০০৬২০